

স্বাক্ষর  
২৭

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচি স্থায়ীভাবে নির্ধারণ করা প্রয়োজন

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচি পরিবর্তন করায় দেশের সকল অভিভাবক সরকারি ঘোষণাকে সামনে গ্রহণ করে কর্তৃপক্ষকে আন্তরিক অভ্যর্থনা জানিয়েছেন। অনেক দেরিতে হলেও কর্তৃপক্ষ কচিকাঁচা শিশুদের কথা ভেবে ৭টা থেকে ১২টা পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচি ঘোষণা করেছেন। এতে অভিভাবকরা আন্তরিকভাবে খুশি হয়েছেন। তবে অভিভাবকরা সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত স্থায়ীভাবে বিদ্যালয়ের সময়সূচি ঘোষণার দাবি জানান। এতে করে কচিকাঁচা শিশু, অভিভাবক ও শিক্ষক সবার সুবিধা হবে। দেশের কিছু বিদ্যালয় সকাল ৯-৩০টা থেকে দুপুর ২-১৫ পর্যন্ত, বাকিগুলো সকাল ৯-৩০ থেকে বিকাল ৪-১৫ পর্যন্ত চলে। এই বৈষম্য কেন? ৬ থেকে ১১ বছরের শিশুরা প্রাথমিক বিদ্যালয়ে পড়ে। বিকেল ৪-১৫ পর্যন্ত বিদ্যালয়ে থাকা সম্ভব হয় না কচিকাঁচা শিশুদের। যাকে কোনদিন সাপে দংশন করেনি, সে কিভাবে সাপের বিষের জ্বালা বুঝবে? ঠিক তেমনি যারা এই কচিকাঁচা শিশুদের মন বুঝে না তারা কিভাবে কচিকাঁচা শিশুর হাতনা বুঝবে? ১টার পরে কচিকাঁচা শিশুদের বিদ্যালয়ে ধরে রাখলে যেসব সমস্যার সৃষ্টি হয়, তা হলো তাদের উপর মানসিক চাপ সৃষ্টি হয়, শিক্ষার প্রতি তাদের অনীহা সৃষ্টি হয়, ক্ষুদার জ্বালায় নানান সমস্যার সৃষ্টি হয় যা শিশুকে মানসিকভাবে ক্ষতিগ্রস্ত করে।

এ অবস্থায় কচিকাঁচা শিশুদের মানসিক চাপমুক্ত থেকে সুস্থভাবে শিক্ষা গ্রহণের সুযোগ দানের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচি ৮টা থেকে ১টা পর্যন্ত স্থায়ীভাবে নির্ধারণ করা প্রয়োজন।

এম জেড মাহমুদ,  
লক্ষ্মীপুর জেলা রিপোর্টার্স ক্লাব,  
৭/২ পৌর সুপার মার্কেট, লক্ষ্মীপুর।